

স্মারক নং-২৭.৩১.০০০০.৫০০.১৭.০০৩.১৭.১৩৪৪

তারিখঃ ২৩-১২-২০১৭খ্রিঃ

বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান প্রসঙ্গে।

বি-আর পাওয়ারজেন লিঃ এর নিজস্ব তহবিল ব্যবস্থাপনায় নিম্নের বর্ণনা অনুযায়ী ২টি ল্যাপটপ সরবরাহের জন্য বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী/উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র আহবান করা যাচ্ছে।

বিবরণ	পরিমাণ	একক দর (টাকায়)	মোট দর (টাকায়)
HP PROBOOK 450 G4-(7th Generation Laptop) Processor: Intel Core i5-7200u Display: 15.6“ LED RAM: 4GB HDD: 1TB DVDRW-BT-WIFI-4cell CASE-DOS	২		
মোট দর (কথায়)			

শর্তাবলীঃ

- ০১৥ ব্যবস্থাপনা পরিচালক বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র আগামী ০৩/০১/২০১৮খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে যে কোন দিন(সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে সীলগালা অবস্থায় ব্যক্তিগতভাবে/ ডাক/কুরিয়ার যোগে বি-আর পাওয়ারজেন লিঃ এর কর্পোরেট অফিস বাড়ী নং-৩৯, রোড নং-১২, সেক্টর-০৪, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০-এ পৌছাতে/দাখিল করতে হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল করা হবে। দাখিলকৃত দরপত্রসমূহ একই দিন দুপুর ১২:৩০ ঘটিকার সময় বি-আর পাওয়ারজেন লিঃ এর কর্পোরেট অফিস-এ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) খোলা হবে।
- ০২৥ দরদাতাগণকে অবশ্যই সীলগালা করা খামের উপর অংশে সুস্পষ্টভাবে “দরপত্র” শব্দটি লিখতে হবে।
- ০৩৥ দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট নিবন্ধন ও ব্যাংক সলভেন্সী সংক্রান্ত দালিলিক প্রমাণাদি এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৪৥ দরপত্রে উদ্ধৃত একক ও মোট দর স্পষ্টাঙ্করে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসেবে মূল্যায়িত হবে।
- ০৫৥ দরদাতার উল্লেখিত দর প্রদেয় সকল প্রকার শুল্ক/কর বা অন্যান্য ব্যয় অন্তর্ভুক্ত করে উদ্ধৃত হয়েছে বলে গণ্য হবে।
- ০৬৥ নির্দিষ্ট সময়ের মধ্যে সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতি দিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে মূল্য হতে কর্তন করা হবে।

চলমান পাতা-০২

স্বাক্ষর

পাতা-০২

- ০৭॥ বিবরণ অনুযায়ী যথাযথভাবে ২টি ল্যাপটপ কর্পোরেট অফিস বাড়ী নং-৩৯, রোড নং-১২, সেক্টর-০৪, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০-এ সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট/আয়কর কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৮॥ কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার অত্র বি-আর পাওয়ারজেন লিঃ কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৯॥ শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উজ্জ্বল
২৩/১২/১৭
(মোঃ ওয়াহিদুর রহমান)
ডিজিএম (এইচআর ও এডমিন)
বি-আর পাওয়ারজেন লিঃ।

অনুলিপি :

- ১। ব্যবস্থাপনা পরিচালক, বি-আর পাওয়ারজেন লিঃ।
- ২। কনসালটেন্ট (কারিগরী)/(অর্থ ও হিসাব), বি-আর পাওয়ারজেন লিঃ।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী /ডিজিএম (অর্থ ও হিসাব)/কোম্পানি সচিব, বি-আর পাওয়ারজেন লিঃ।
- ৪। মেসার্স -----
- ৫। অফিস/মাষ্টার কপি।